

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

সাধারণ আদেশ নং-০৪/মুসক/২০২৩ তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ গ্রাহক কর্তৃক পরিশোধিত বিদ্যুৎ বিলের বিপরীতে মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জারীকৃত ইনভয়েসকে কর চালানপত্র হিসেবে গণ্যকরণ সংক্রান্ত সাধারণ আদেশ নং-১১/মুসক/২০২২, তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ এর উপ-ধারা (৩) এর দফা (চ) এর উদ্দেশ্য পূরণকল্পে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ০৫ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ মোতাবেক ২০ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-১১/মুসক/২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের-

(ক) অনুচ্ছেদ ১ এর-

(অ) প্রস্তাবনা অংশে উল্লিখিত “মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী” শব্দগুলির প্রারম্ভে “ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস বা” শব্দগুলি ও কমা সন্নিবেশিত হইবে;

(আ) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(ক) যে সকল প্রতিষ্ঠান Bangladesh Mobile Financial Service (MFS) Regulation, 2022 এর আওতায় বাংলাদেশ ব্যাংক হইতে “Mobile Financial Service (MFS)” প্রদানের লক্ষ্যে যথাযথ লাইসেন্স প্রাপ্ত হইয়াছে কিংবা বাংলাদেশ ডাকবিভাগ হইতে অনুরূপ সেবা প্রদানের উদ্দেশ্যে অনুমোদনপ্রাপ্ত বা বাংলাদেশ ব্যাংক হইতে ব্যাংকিং সার্ভিস বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস প্রদানের লক্ষ্যে যথাযথ অনুমোদনপ্রাপ্ত এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত, সেই সকল ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস বা মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিদ্যুৎ বিতরণকারী প্রতিষ্ঠানের পক্ষে, তাহাদের মধ্যে সম্পাদিত চুক্তি বা সমঝোতা অনুযায়ী গ্রাহকের অনুকূলে অনলাইনে ইনভয়েস ইস্যু করিতে পারিবে, যাহা উক্ত আইন এর অধীন মূল্য সংযোজন কর চালানপত্র হিসাবে গণ্য হইবে;”;

(ই) দফা (খ) এর প্রারম্ভে “ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস বা” শব্দগুলি সন্নিবেশিত হইবে; এবং

(ঈ) দফা (ঙ) এ উল্লিখিত “মনোনীত প্রতিনিধি” শব্দগুলির পর “ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস বা” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) ফরম “ছক-ক” এ উল্লিখিত সকল স্থানে “মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী” শব্দগুলির প্রারম্ভে “ব্যাংকিং বা ডিজিটাল পেমেন্ট গেটওয়ে সার্ভিস বা” শব্দগুলি সংযোজিত হইবে।

০২। এই আদেশ ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( কাজী রেজাউল হাসান )

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)